বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাথে মেহেরপুরে শিক্ষার্থীদের মত বিনিময় সভা

“শিক্ষার্থীদের চোখে আগামী ছাত্র রাজনীতি ও বাংলাদেশ” এই প্রতিপাদ্যে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতৃবৃন্দের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভা করেছে।

আজ রবিবার বেলা বারোটার দিকে মেহেরপুর সরকারি কলেজ, সরকারি মহিলা কলেজ ও ছহিউদ্দিন ডিগ্রী কলেজের শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ড: তহিদুর রহমান আউয়াল, যুগ্ম সাধারণ সম্পাদক রাজীব আহমেদ, মোকসেদুল মমিন মিথুন, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আলী, সদর উপজেলা ছাত্রদলের আহবায়ক নাজমুল হোসেন, সদস্য সচিব শেখ রাব্বি, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহি, সদস্য সচিব জারজিস ইউসুফ রমিক সহ ছাত্রদলের নেতৃবৃন্দ।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সহ সভাপতি ডাঃ তহিদুর রহমান আউয়াল বলেন, আগামী ছাত্র রাজনীতি হবে শিক্ষার্থীদের ভালোর জন্য। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে ছাত্রদলের অবদান অনেক রয়েছে। তাদের একক কোন কর্তৃত্ব নেই। বেগম খালেদা জিয়া শিক্ষা বিস্তারের জন্য নারী শিক্ষা, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে উপবৃত্তি চালু করেছিলেন। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যারা অসচ্ছল পরিবার থেকে আসে তাদের জন্য খাদ্যের বিনিময়ে শিক্ষার ব্যবস্থা চালু করেছিলেন।

গাংনীতে যৌথবাহিনীর অভিযানে বন্দুকের সিসা কার্তুজ উদ্ধার

মেহেরপুরে পরিত্যক্ত অবস্থায় বন্দুকের ৪ রাউন্ড সিসা কার্তুজ উদ্ধার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন(র্যাব-১২) ক্রাইম প্রিভেনশন কোম্পানী (সিপিসি-৩) মেহেরপুর ক্যাম্প ও যৌথবাহিনী।

আজ রবিবার (৩ নভেম্বর) ভোররাতের দিকে যৌথিাহিনীর উদ্যোগে এই অভিযান চালানো হয়।

র্যাব-১২, সিপিসি-৩ মেহেরপুর ক্যাম্প, মেহেরপুর আর্মি ক্যাম্প ও গাংনী থানা পুলিশ যৌথভাবে অভিযান চালান।

র্যাব-১২, মেহেরপুর সিপিসি-৩, কোম্পানি কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার আশরাফউল্লাহ পিপিএম আজ দুপুরে সাংবাদিকদের প্রেস রিলিজ দিয়ে এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাংনী উপজেলার চরগোয়ালগ্রামের মোঃ সোহাগ সর্দারের বাড়ির নির্মানাধীন বাথরুমের বালির নিচে পলিথিনে মোড়ানো অবস্থায় এই সিসা কার্তুজ উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন, ওই বাড়িতে অবৈধ আগ্নেয়াস্ত্র আছে এমন গোপন সংবাদের ভিত্তিতে একটি যৌথ কমান্ডের আভিযানিক দল ওই বাড়িতে অভিযান চালায়। সোহাগ সর্দারকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে তাঁর কোন সংশ্লিষ্টতা না পাওয়ায় এবং তথ্য দাতার সংবাদ উদ্দেশ্য প্রনোদিত মনে হওয়ায় কার্তুজগুলো পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

এছাড়া এই বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। উদ্ধারকৃত সিসা কার্তুজ জিডিমূলে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

দোওয়া প্রতিযোগিতায় ২য় চ্যাম্পিয়ন তুবা

ঢাকার গাইডেন্স ইন্টার ন্যাশনাল স্কুল কেজি-২ শ্রেণির ছাত্রী তাবাসসুম তুবা এবার দোওয়া প্রতিযোগিতায় ২য় চাম্পিয়ন হওয়ার গৌরব অর্জণ করেছে।

গতকাল শনিবার বনানী স্কুলে ফাইনাল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা শেষে স্কুলের অধ্যক্ষ আবদুল্লা জামান বিজয়ীদের হাতে ক্রেস্ট ও সনদ তুলে দেন। তুবা এর আগে স্কুলের আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় ২য় এবং বার্ষিক ক্রিড়া প্রতিযোগিতার দুটি ইভেন্টে চাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। তুবা মাছরাঙা টেলিভিশন ও কালের কন্ঠের সাবেক মেহেরপুর প্রতিনিধি তানিয়া লাবণ্যর মেয়ে ও মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি যুগান্তর প্রতিনিধি তোজাম্মেল আযমের নাতনি।

জাতীয় যুব দিবস উপলক্ষে মেহেরপুরে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান

জাতীয় যুব দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে মেহেরপুরে পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযানের উদ্বোধন করা হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তর এবং মেহেরপুর পৌরসভার আয়োজনে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগপ্রতিরোধে মশার উৎপত্তিস্থল বিনষ্টকরণ, পানিপ্রবাহ স্বাভাবিক রাখা ও পরিবেশের ভারসাম্য রক্ষায় রুইমারি খাল পরিষ্কারকরণ অভিযান চালানো হয়েছে।

আজ রবিবার (৩ নভেম্বর) সকাল ১১টার দিকে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর রুইমারির খাল পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযানের উদ্বোধন

করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় সেখানে স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) গাজী মূয়ীদুর রহমান, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জামায়াতে ইসলামীর কর্মী সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর সদর উপজেলা পিরোজপুর ইউনিয়ন শাখার আয়োজনে কর্মী সম্মেলন ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২ নভেম্বর) বিকেল ৪ টার দিকে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বাজার প্রাঙ্গনে এ কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে কোরআন তেলাওয়াত ও ইসলামী সংগীত পরিবেশন করা হয়।

বাংলাদেশ জামায়াতে ইসলামী পিরোজপুর ইউনিয়নের আমীর বীর মুক্তিযোদ্ধা বদরুজ্জামানের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওঃ তাজউদ্দিন খান।

বাংলাদেশ জামায়াতে ইসলামী পিরোজপুর ইউনিয়নের সাধারণ সম্পাদক জমিরুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা নায়েবে আমীর মাওঃ মাহবুব-উল আলম, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, জেলা শ্রমিক কল্যাণের সভাপতি মোঃ আঃ রউফ মুকুল।

এছাড়াও এসময় বাংলাদেশ জামায়াতে ইসলামীর বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায় প্রতিষ্ঠান হিসেবে পুরস্কার লাভ করায় সংগঠনের কর্মকর্তা, কর্মচারীসহ সকল সদস্যকে শুভেচ্ছা ওঅভিনন্দন জানিয়েছেন মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু। তিনি সমিতির উত্তোরত্তর সফলতাও কামনা করেন।

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক সড়কে গাছ ফেলে আবারও গণডাকাতি

মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহা সড়কের গাংনী উপজেলার আকুবপুর নামক স্থানে সড়কে গাছ ফেলে পরিবহন,ট্রাকসহ বেশ কয়েকটি যানবাহনে গণডাকাতির ঘটনা ঘটেছে।

ডাকাত দলের হামলায় ট্রাকচালক মুজাহিদুল ইসলাম (২৮) ও হেল্পার হাসান আলী (২৫) গুরুতর জখম হয়। ওই সময় ঢাকা, থেকে ছেড়ে আসা শ্যামলী পরিবহন, মালবাহী তিনটি ট্রাক, মাইক্রোবাস, আলগামন (শ্যালো ইঞ্জিন চালিত গাড়ি) সহ রোগীবাহী এ্যম্বুলেন্সও ডাকাত দল হানা দেয়।

আজ শনিবার (২ নভেম্বর) ভোর সাড়ে তিনটার সময় ডাকাতির ঘটনা ঘটে। এ সময় শ্যামলী পরিবহন, তিনটা ট্রাক, একটি মাইক্রোবাস সহ আলগামনের যাত্রী ও চালকদের কাছ থেকে প্রায় লক্ষাধিক নগদ টাকা ছিনিয়ে নিয়ে নির্বিঘ্নে পালিয়ে যায় ডাকাত দলের সদস্যরা।

পাথরবাহী ট্রাকের হেল্পার হাসান আলী জানান, চাঁপাইনবাবগঞ্জ এলাকা থেকে পাথরবাহী ট্রাক সন্ধ্যায় বামন্দীর উদ্দেশ্যে ছেড়ে আসে। যার রেজিঃ নম্বর পাবনা ড ১১ ১০৪৯। ট্রাকটি রাত সোয়া তিনটার দিকে কুষ্টিয়া-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের আকুপপুর চেকপোস্ট এলাকা ছেড়ে ১ থেকে দেড় কিলোমিটার সামনে পৌছুলে আগে থেকেই ওঁত পেতে থাকা ডাকাত দলের সদস্যরা সড়কের ওপরে দুটি গাছ ফেলে যানবাহন চলাচল বন্ধ করে দেয়। এ সময় একটি ট্রাক ডাকাতের কবল থেকে বাঁচতে নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। সড়কের গাড়ি থামিয়ে গণডাকাতি শুরু হয়েছে বুঝতে পেরে ট্রাক থেকে নেমে পালানোর চেষ্টা করলে

ডাকাত দলের সদস্যরা দেশীয় ধারালো অস্ত্র দিয়ে হেল্পারের বাম হাতে ও চালকের ডান হাতে কোপ দিয়ে রক্তাক্ত জখম করে। ডাকাতরা ঘন্টা ব্যাপী পরিবহনের যাত্রী ও গাড়ির স্টাফদের কাছ থেকে নগদ টাকা ছিনিয়ে নেয়। ডাকাতির সময় যাত্রীরা পুলিশের সহায়তা চেয়ে ৯৯৯ নম্বরে কল করলে আধাঘন্টা পর পুলিশের একটি টিম ঘটনারস্থলে পৌঁছানোর আগেই ডাকাত দলের সদস্যরা ডাকাতির ঘটনা ঘটিয়ে পালিয়ে যায়। একই কথা জানিয়েছেন ট্রাক ডাইভার আলালউদ্দিন।

যাত্রীদের চিৎকারে স্থানীয়রা ছুটে এসে আহত অবস্থায় ট্রাকের চালক হেলপারকে উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি ক্লিনিকে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল বলেন, ডাকাতির ঘটনার খবর পাওয়া মাত্র পুলিশের একটি টিম ঘটনাস্থলে পাঠানো হয়েছে। ডাকাত দলের সদস্যদের আটকের জন্য পুলিশের জোর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। আশা করছি খুব অল্প সময়ের মধ্যেই ডাকাত দলের সদস্যদের চিহ্নিত করে আটক করা হবে।

উল্লেখ্য, গত ৩ অক্টোবর দিবাগত রাতেমধ্য রাতে আকুবপুর পুলিশ চেকপোস্ট এলাকায় রাস্তায় গাছ ফেলে একই কায়দায় গণডাকাতির ঘটনা ঘটেছিল। স্থানীয়রা পুলিশের তৎতপরতা চেয়ে জেলা ও উপজেলা আইনশৃঙ্খলা সভায় বারবার বিষয়টি উত্থাপন করলেও পুলিশ তেমন কোনো পদক্ষেপ না নেয়ায় আবারও ডাকাতির ঘটনা ঘটলো। মেহেরপুর জেলা জুড়ে চলছে ডাকাতি আতংক। সন্ধা হলেই মানুষ রাস্তায় চলাচল করতে ভয় পাচ্ছেন।

মেহেরপুরে শ্রমিক দলের কর্মীসভা

দলকে গতিশীল করার লক্ষ্যে মেহেরপুরে কর্মীসভা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী শ্রমিক দল। আজ শনিবার (০২ নভেম্বর) সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে মেহেরপুর জেলা শ্রমিক দল এ কর্মীসভার আয়োজন করে।

জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রমিক দলের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক মোস্তাফিজুল করীম মজুমদার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রমিক দলের কেন্দ্রীয় কমিটির অর্থ সম্পাদক রফিকুল ইসলাম, বিআইডব্লিউটিসি কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক আলাউদ্দিন, উত্তরা ব্যাংক সিবিএ সভাপতি মোসলেম উদ্দিন, পৌর শ্রমির দলের সাধারণ সম্পাদক নাসিম খান সহ মেহেরপুর জেলা শ্রমিক দলের নেতাকর্মী বৃন্দরা।

মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

বক্তারা শ্রমিক দলের নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, হাসিনা স্বৈরশাসক আমলে আমাদের শ্রমিক দলের নেতাকর্মীরা নির্যাতিত ও নিষ্পেষিত ছিল। গত ১৭ বছরে তারা অনেক অন্যায় জুলুম সহ্য করেছে। আগামী ৪৮ ঘণ্টার মধ্যে মেহেরপুর ৩ উপজেলার আহবায়ক কমিটি গঠন করে আগামী তিন মাসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠন করতে হবে। সামনে আগামী জাতীয় নির্বাচন আমাদের সকলকে ঐক্য থাকতে হবে। অপশক্তিরা যাতে কোন প্রকার মাথা তুলে না দাঁড়াতে পারে তার জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। ফ্যাসিস্ট অপশক্তিদের দেশের বিরুদ্ধে কোন প্রকার ষড়যন্ত্র করতে দেওয়া যাবে না। মেহেরপুর একটি আন্দোলন লড়াই সংগ্রামের জেলা হিসেবে পরিচিত।

গাংনীতে ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে। আজ শনিবার (০২ নভেম্বর) দিবসটি পালন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

কর্মসূচীর মধ্যে সকাল ১০ টায় সমবায় ও জাতীয় পতাকা উত্তোলনের

পরপরই বর্ণাঢ্য র্যালি গাংনী উপজেলা চত্ত্বর হতে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পূর্বের স্থানে এসে শেষ হয়।

এ পরে সকাল সাড়ে ১০ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান (ভারপ্রাপ্ত) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মওলানা জাহিদ হোসেন। এরপর অতিথিদের নতুন উত্তরীয় দিয়ে বরণ করে নেয়া হয়।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান (ভারপ্রাপ্ত)।

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোলের উপস্থাপনায় “সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে অনুষ্ঠানে বক্তব্য রাখেন চাঁদপুর সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি আবুল কাশেম, নাগদারখাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির নির্বাহী পরিষদের সদস্য আব্দাল হক, ডিজিটাল বহুমুখী সমবায় সমিতির সভাপতি তোফায়েল হোসেন, ইত্তেফাক পত্রিকার গাংনী উপজেলা সংবাদদাতা আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

অনুষ্ঠানের শেষাংশে উপজেলার পাঁচটি সফল সমবায়ী প্রতিষ্ঠানকে ক্রেস্ট প্রদান করা হয়।

মুজিবনগরে ৫৩তম জাতীয় সমবায় দিবস পালন

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৩তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি উপলক্ষে আজ শনিবার (০২ নভেম্বর) সকালে উপজেলা পরিষদ